

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৮৯  
কুমারঘাট, ১২ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪**

**কুমারঘাট মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের মহড়া**

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে আজ ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের অন্তর্গত ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা কেন্দ্রের ভোটগ্রহণ কর্মীদের নিয়ে দ্বিতীয় পর্যায়ের নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা কেন্দ্রের ৫৪টি বুথের জন্য মোট ৬৬টি ভোটগ্রহণ কর্মী দল গঠন করা হয়। এর মধ্যে ২টি মহিলা ভোটগ্রহণ কর্মী দল রয়েছে। মহড়ায় মাস্টার ট্রেনারগণ ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন। মহড়ায় উপস্থিত ছিলেন এআরও তথা ঊনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক দশরথ দেববর্মা, এআরও তথা কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা ও ডিসিএম অভিজিৎ কুমার দাস।

\*\*\*\*\*